গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সহকারী প্রকল্প পরিচালকের কার্যালয়
মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায়
হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট (ধর্ম বিষয়ক মন্ত্রণালয়)
নীলফামারী

স্মারক নং-১৬.০৫.৭৩০০.১০১.১১.০০১.২৩-২৬ তারিখ: ১৪/০৩/২০২৩ খ্রি.

নিয়োগ বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট কর্তৃক বাস্তবায়নাধীন মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায়, শীর্ষক প্রকল্পের নীলফামারী জেলা কার্যালয়ের অধীনে প্রকল্প মেয়াদে (৩১/১২/২০২৫খ্রি. পর্যন্ত) ৩৮টি নির্বাচিত মন্দিরের বিপরীতে ধর্মীয় শিক্ষা (বয়স্ক) ও ধর্মীয় শিক্ষা (শিশু) শিক্ষাকেন্দ্রে ৩৮ জন শিক্ষক নিয়োগের লক্ষ্যে বর্ণিত শর্তসাপেক্ষে সহকারী প্রকল্প পরিচালক, মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায়, নীলফামারী বরাবর আবেদনপত্র (আবেদনের ফরম অফিস থেকে সংগ্রহ করা যাবে এবং জেলা প্রশাসনের ওয়েব সাইট www.nilphamari.gov.bd থেকে ডাউনলোড করা যাবে) আহ্বান করা যাচ্ছে।

নিয়োগের শর্তবলী নিম্নরূপ :

১। প্রার্থীকে কমপক্ষে এস.এস.সি পাশ হতে হবে।

২। প্রার্থীর বয়স ১৪/০৩/২০২৩খ্রি. তারিখে ২১-৪৫ বছরের মধ্যে হতে হবে। তবে সর্বোচ্চ বয়স নির্ধারণের ক্ষেত্রে ২৫/০৩/২০২০ খ্রি. তারিখে ৪৫ বছর হলেও আবেদন করার সুযোগ পাবেন। মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৫ম পর্যায়ে শিক্ষকতা করা অভিজ্ঞ প্রার্থীদের বয়স শিথিলযোগ্য এবং তাঁদের অগ্রাধিকার দেওয়া হবে।

৩। প্রার্থীকে সংশ্লিষ্ট শিক্ষাকেন্দ্র/মন্দির এলাকার স্থায়ী অধিবাসী হতে হবে।

৪। যে মন্দিরে শিক্ষাকেন্দ্র অবস্থিত সে মন্দিরের পুরোহিত/সেবাইত (শিক্ষাগতযোগ্যতা যদি থাকে) কে অগ্রাধিকার দেয়া হবে।

৫। প্রার্থীকে সনাতন (হিন্দু) ধর্মাবলম্বী হতে হবে এবং সনাতন ধর্ম বিষয়ে জ্ঞান সম্পন্ন ও সংস্কৃতিমনা প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে।

৬। আবেদনপত্রে প্রার্থীর নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, জন্ম তারিখ, জাতীয়তা, ধর্ম, শিক্ষাগত যোগ্যতা, মন্দিরের নাম ও মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।

৭। আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবেঃ সদ্য তোলা পাসপোর্ট সাইজের দুই কপি ছবি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি বা জন্ম নিবন্ধন সনদের ফটোকপি, পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদেয় নাগরিকত্বের সনদপত্র এবং শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্রের ফটোকপি।

৮। নিয়োগপ্রাপ্ত শিক্ষককে গীতা শিক্ষাকেন্দ্রের জন্য বিকালে আড়াই ঘন্টা অফিস কর্তৃক নির্ধারিত সময়ে পাঠদান করতে হবে ।

৯। নির্বাচিত শিক্ষককে প্রকল্পের বিধি অনুযায়ী মাসিক ৫,০০০/-টাকা সম্মানী ভাতা এবং সমপরিমান ২টি উৎসব ভাতা প্রদান করা হবে। তৎসঙ্গে সরকার কর্তৃক প্রদেয় অন্যান্য ভাতাদি প্রযোজ্য।

১০। প্রকল্পের বিধি অনুযায়ী সরকারী, আধাসরকারী বা বেসরকারী কোন প্রতিষ্ঠানে পূর্ণ সময় বা খন্ডকালীন সময়ে কর্মরত ব্যক্তি এবং এলাকা বহির্ভূত প্রার্থীর আবেদন করার প্রয়োজন নেই।

১১। মৌখিক পরীক্ষার সময় সকল মূল সনদপত্র প্রদর্শন করতে হবে।

১২। পরীক্ষার জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৩। বিধি মোতাবেক কোটা সংরক্ষণ করা হবে।

১৪। উপর্যুক্ত শর্তাবলী যেকোন অংশ সংশোধন/সংযোজনসহ যেকোন আবেদনপত্র গ্রহণ/বাতিলের এবং কোন প্রকার কারণ প্রদর্শন ব্যতিরেকে কমিটি পরীক্ষা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে।

১৫। পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রবেশপত্র ডাকযোগে ইস্যু করা হবে না। পরীক্ষার তারিখ, সময় ও স্থান মোবাইল এসএমএস এর মাধ্যমে জানানো হবে।

Scanned with CamScanner

● আবেদনপত্র নিম্নস্বক্ষরকারী বরাবর আগামী ২৫/০৩/২০২৩খ্রি. মধ্যে অফিস চলাকালীন সময়ে হাতে হাতে/ডাকযোগে পৌছাতে হবে। বাছাই শেষে উপযুক্ত প্রার্থীদের লিখিত পরীক্ষা আগামী ৩০/০৩/২০২৩ তারিখ সকাল ১০.০০ টায় কালেক্টরেট পাবলিক স্কুল এন্ড কলেজ, নীলফামারীতে অনুষ্ঠিত হবে এবং একই দিনে মৌখিক পরীক্ষা মৌখিক পরীক্ষা দুপুর ২.০০টায় অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) ও অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, নীলফামারী এর অফিস কক্ষে অনুষ্ঠিত হবে।

14.03.2023

(সঞ্জয় কুমার পাল)
সহকারী প্রকল্প পরিচালক (অ:দা:)
ও
সদস্য-সচিব
শিক্ষক নিয়োগ কমিটি।
ফোনঃ

স্মারক নং- ১৬.০৫.৭৩০০.১০১.১১.০০১.২৩- ২৬ তারিখ: ১৪/০৩/২০২৩ খ্রি.

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

১। প্রকল্প পরিচালক, মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায়।
২। জেলা প্রশাসক, নীলফামারী।
৩। পুলিশ সুপার, নীলফামারী।
৪। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও তথ্য যোগাযোগ প্রযুক্তি), নীলফামারী।
৫। উপজেলা নির্বাহী অফিসার, নীলফামারী সদর/সৈয়দপুর/কিশোরগঞ্জ/জলঢাকা/ডোমার/ডিমলা উপজেলা। (বহুল প্রচারের জন্য নোটিস বোর্ডে টানিয়ে দেয়া এবং ইউপি চেয়ারম্যানদের অবহিত করার জন্য অনুরোধ করা হল।)
৬। জেলা তথ্য অফিসার, নীলফামারী। (বহুল প্রচারের জন্য নোটিস বোর্ডে টানিয়ে দেয়ার জন্য অনুরোধ করা হল।)
৭। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, নীলফামারী।
৮। অধ্যক্ষ, নীলফামারী সরকারী কলেজ, নীলফামারী। (বহুল প্রচারের জন্য নোটিস বোর্ডে টানিয়ে দেয়ার জন্য অনুরোধ করা হল।)
৯। উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, নীলফামারী। (বহুল প্রচারের জন্য নোটিস বোর্ডে টানিয়ে দেয়ার জন্য অনুরোধ করা হল।)
১০। সভাপতি/সম্পাদক, নির্বাচিত সকল মন্দির।

14.03.2023.

(সঞ্জয় কুমার পাল)
সহকারী প্রকল্প পরিচালক

CS Scanned with CamScanner

বরাবর,

সহকারী প্রকল্প পরিচালক,
মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায়
হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
নীলফামারী জেলা কার্যালয়।

পাসপোর্ট সাইজের ছবি ২ কপি (সম্প্রতি তোলা)

চাকরির আবেদন ফরম

১.	পদের নাম : কেন্দ্র শিক্ষক				
২.	মন্দিরের নাম ও ঠিকানা:				
৩.	প্রার্থির নাম :	বাংলায় :			
		ইংরেজিতে (বড় অক্ষরে) :			
৪.	জাতীয় পরিচয়পত্র নম্বর:				যে কোন একটি
	জন্ম নিবন্ধন নম্বর:				
৫.	জন্ম তারিখ:		৬. জন্মস্থান (উপজেলা):		
৭.	প্রার্থীর বয়স: (২৫/০৩/২০২০ তারিখে)		বছর	মাস	দিন
৮.	মাতার নাম :				
৯.	পিতা/স্বামীর নাম:				

১০.	ঠিকানা:	বর্তমান	স্থায়ী
	গ্রাম/পাড়া/মহল্লা:		
	ইউনিয়ন/পৌরসভা ওয়ার্ড:		
	ডাকঘর:		
	পোস্টকোড নম্বর:		
	উপজেলা:		
	জেলা:		
১১.	যোগাযোগ:	মোবাইল নম্বর:	

১২.	জাতীয়তা:	১৩.	লিঙ্গ:
১৪.	ধর্ম:	১৫.	পেশা:

১৬. শিক্ষাগত যোগ্যতাঃ

পরীক্ষার নাম	বিষয়/বিভাগ	পাশের সন	বোর্ড/বিশ্ববিদ্যালয়	প্রাপ্ত গ্রেড/শ্রেনি/বিভাগ

১৭. অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে):

১৮. অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে):

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলী সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লেখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

তারিখঃ								

প্রার্থীর স্বাক্ষর

CS Scanned with CamScanner